

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৫৯৮

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আমরা যেভাবে বিবরণ দিলাম, যে ব্যক্তি সেভাবে হাঁচিদানকারীর জবাব দেয়, হাঁচিদানকারী ব্যক্তি তখন যা বলে জবাব দিবেন

ذَكَرُ مَا يُجِيبُ بِهِ الْعَاطِسُ مَنْ يَشْمِتُهُ بِمَا وَصَفَنَاهُ

আরবী

598 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ قَالَ: حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ مَنْصُورٍ عَنْ هِلَالِ بْنِ يَسَافٍ قَالَ: كُنَّا مَعَ سَالِمِ بْنِ عُبَيْدٍ فِي غَزَاةٍ فَعَطَسَ رَجُلٌ مِنَ الْقَوْمِ فَقَالَ: السَّلَامُ عَلَيْكُمْ فَقَالَ سَالِمٌ: السَّلَامُ عَلَيْكَ وَعَلَى أُمِّكَ فَوَجَدَ الرَّجُلُ فِي نَفْسِهِ فَقَالَ لَهُ سَالِمٌ: كَأَنَّكَ وَجَدْتَ فِي نَفْسِكَ؟ فَقَالَ: مَا كُنْتُ أَحَبُّ أَنْ تَذْكُرَ أُمِّي بِخَيْرٍ وَلَا بِشَرٍّ فَقَالَ سَالِمٌ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ فَعَطَسَ رَجُلٌ فَقَالَ: السَّلَامُ عَلَيْكُمْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (عَلَيْكَ وَعَلَى أُمِّكَ إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَلْيَقُلْ: الْحَمْدُ لِلَّهِ عَلَى كُلِّ حَالٍ أَوْ قَالَ: الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ وَلْيَقُلْ لَهُ: يَرْحَمُكَ اللَّهُ وَلْيَقُلْ هُوَ: يَغْفِرُ اللَّهُ لَكُمْ).

الراوي : هِلَالُ بْنُ يَسَافٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 598 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৫৯৮. হিলাল বিন ইয়াসায়ফ থেকে বর্ণিত, তিনি বলেন: “আমরা একটি যুদ্ধে সালিম বিন উবাইদ এর সাথে ছিলাম। তখন কওমের এক ব্যক্তি হাঁচি দেয়, অতঃপর সে বলে: “আস সালামু আলাইকুম।” তখন সালিম জবাবে বলেন: আস সালামু আলাইকা ওয়া আলা উম্মিকা (তোমার উপর এবং তোমার মার উপর শান্তি বর্ষিত হোক)! এতে লোকটি মনে কষ্ট পায়। তখন সালিম বলেন: “যেন তুমি মনে কষ্ট নিয়েছো?” তখন তিনি বলেন যে, “আমি চাই না যে, আপনি আমার মায়ের ভালো বা মন্দ কিছু উল্লেখ করেন।” তখন সালিম রাওয়াল্লাহু আনহু বলেন, “আমরা এক সফরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে ছিলাম। এসময় এক ব্যক্তি হাঁচি দেয়

তারপর সে বলে: “আস সালামু আলাইকুম।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আলাইকা ওয়া আলা উম্মিকা (তোমার উপর এবং তোমার মার উপরও শান্তি বর্ষিত হোক)! যখন তোমাদের কেউ হাঁচি দিবে, সে যেন বলে ‘আলহামদু লিল্লাহ ‘আলা কুল্লি হাল (সর্বাবস্থায় আল্লাহর জন্য প্রশংসা) অথবা বলবে: “আল হামদু লিল্লাহি রব্বিল ‘আলামীন’ আর শ্রবণকারী ব্যক্তির যেন তার উদ্দেশ্যে বলে ‘ইয়ারহামুকাল্লাহ’ (আল্লাহ তোমার উপর রহম করুন) অতঃপর হাঁচিদানকারী যেন বলে ‘ইয়াগফিরুল্লাহ লাকুম’ (আল্লাহ তোমাদের ক্ষমা করুন)।[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৫০৩১; তিরমিযী: ২৭৪০; তাবারানী: ৬৩৬৮; মুসনাদ আহমাদ: ৬/৭-৮; হাকিম: ৪/২৬৭।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে যঈফ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৩/২৪৬।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হিলাল ইবনু ইয়াসার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89100>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন